

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিচালকের দপ্তর  
ন্যাশনাল ইনস্টিটিউট অব ল্যাবরেটরী মেডিসিন এন্ড রেফারেল সেন্টার  
শের-ই-বাংলা নগর, ঢাকা।  
[www.nilmrc.gov.bd](http://www.nilmrc.gov.bd)

স্মারকনং- এনআইএলএম-আরসি/প্রশাসন/নিয়োগ/২০২২/

তারিখঃ- /০১/২০২২ ইং

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর স্মারক নং-৪৫.০১.০০০০.১৪০.১১.০০২.২০.৭৭২ তারিখ- ১১/০৬/২০২০ইং আলোকে ন্যাশনাল ইনস্টিটিউট অব ল্যাবরেটরী মেডিসিন এন্ড রেফারেল সেন্টার, শের-ই-বাংলা নগর, ঢাকায় সরাসরি রাজস্ব খাতভুক্ত ৩য় শ্রেণী কর্মচারীর শূন্য পদ পূরণের লক্ষ্যে ছাড়পত্র প্রদান করায় গঠিত বিভাগীয় নির্বাচন কমিটির সুপারিশে অত্র কার্যালয়ের স্মারক নং-এনআইএলএম-আরসি/প্রশা/২০২২/১৪০২ তারিখঃ-০১/০১/২০২২ইং মোতাবেক " কম্পিউটার অপারেটর" পদে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৩তম গ্রেডে টাকা ১১০০০/----২৬৫৯০/-বেতনক্রমে নিম্নবর্ণিত প্রার্থীকে রাজস্ব খাতভুক্ত অস্থায়ী ভিত্তিতে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিয়োগ প্রদান করা হইলঃ

ক্রমিক নং	রোল নং	প্রার্থীর নাম ও পিতার নাম	স্থায়ী ঠিকানা
০১	৩৪১	মোঃ জিয়ারুল ইসলাম পিতা- মোঃ সোহারব হোসেন	গ্রামঃ- বায়সা, পোঃ- বায়সাচাদপুর, উপজেলাঃ- ঝিকরগাছা, জেলাঃ- যশোর।

শর্তাদিঃ

১. নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে নিজ ব্যবস্থাপনায় সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত শারীরিক যোগ্যতার সনদপত্র এবং ডোপটেস্ট রিপোর্ট যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদনে কোন বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
২. চারিত্রিক ও পূর্ব কার্যকলাপ সম্পর্কে পুলিশি তদন্ত প্রতিবেদন না পাওয়া পর্যন্ত এ নিয়োগ সাময়িক বলে বিবেচিত হবে।
৩. পুলিশি তদন্ত প্রতিবেদন সন্তোষজনক না হলে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
৪. যোগদানের সময় সকল সনদপত্রসহ অন্যান্য কাগজপত্রের মূল কপি প্রদর্শনপূর্বক সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
৫. অত্র প্রতিষ্ঠানে যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে। যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছর পর্যন্ত শিক্ষানবিশ হিসেবে চাকুরিকাল গণ্য হবে।
৬. শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, শিক্ষানবিশির আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই, তবে নিয়োগকারী কর্তৃপক্ষ চাকুরির অবসান ঘটাতে পারবেন।
৭. চাকুরিতে যোগদানের পর ০২ (দুই) বছরের মধ্যে তিনি যদি ন্যায়সংগত কারণ ছাড়া চাকুরিতে ইস্তফা দেন বা দিতে ইচ্ছুক হন, তবে তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত অর্থ অথবা বেতন ও আনুতোষিক হিসেবে প্রাপ্ত অর্থ সরকারকে ফেরত দিতে বাধ্য থাকবেন এবং তিনি যদি সরকারের প্রাপ্য অর্থ ফেরত না দিয়ে চাকুরিতে অনুপস্থিত থাকেন তবে তার নিকট প্রাপ্য সমুদয় অর্থ সরকারি দাবী আদায় আইন, ১৯১৩ এর বিধান মোতাবেক আদায় করা হবে।
৮. সরকারি আদেশবলে সময় সময় যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সে সমস্ত পরীক্ষায় উত্তীর্ণ না হলে এবং প্রশিক্ষণ গ্রহণ না করলে চাকুরিতে স্থায়ী করা হবে না।
৯. মুক্তিযোদ্ধা, আনসার-ভিডিপি এবং এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় কোটা-প্রাপ্যতা যদি ভবিষ্যতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক বাতিল হয়, তাহলে তাদের এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
১০. এ নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত বিধিবিধান প্রযোজ্য হবে।

চলমান পাতা-০২

পাতা নং-০২

- ১১। উপর্যুক্ত শর্তাবলির আওতায় এ নিয়োগপত্র গ্রহণে সম্মত থাকলে আগামী ২০/০১/২০২২ইং তারিখের মধ্যে (পূর্বাহ্নে) পরিচালক, ন্যাশনাল ইনস্টিটিউট অব ল্যাবরেটরি মেডিসিন এন্ড রেফারেল সেন্টার, ঢাকা এর বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।
- ১২। চাকুরিতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
- ১৩। জনস্বার্থে এ নিয়োগ আদেশ জারি করা হল। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



(অধ্যাপক ডাঃ মোঃ এহছানুল হক)

পরিচালক

ন্যাশনাল ইনস্টিটিউট অব ল্যাবরেটরি মেডিসিন এন্ড রেফারেল সেন্টার,  
শের-ই-বাংলা নগর, ঢাকা।

ও

সভাপতি, নিয়োগ কমিটি।

তারিখঃ- ০৬/০১/২০২২ ইং

স্মারকনং- এনআইএলএম-আরসি/প্রশা/নিয়োগ/২০২২/২৩/০২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইলঃ

- ০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সচিব, বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন, আগারগাঁও, ঢাকা।
- ০৪। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (প্রশাসন)।
- ০৫। উপ-সচিব (প্রশাসন-১) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। পরিচালক/উপ-পরিচালক/সহকারী পরিচালক, বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন, আগারগাঁও, ঢাকা।
- ০৭। সহকারী-পরিচালক, ন্যাশনাল ইনস্টিটিউট অব ল্যাবরেটরি মেডিসিন এন্ড রেফারেল সেন্টার, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ০৮। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৯। প্রশাসনিক কর্মকর্তা, ন্যাশনাল ইনস্টিটিউট অব ল্যাবরেটরি মেডিসিন এন্ড রেফারেল সেন্টার, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ১০। মোঃ জিয়ারুল ইসলাম, পিতা- মোঃ সোহারব হোসেন, গ্রামঃ- বায়সা, পোঃ- বায়সাচাদপুর, উপজেলাঃ- বিকরগাছা, জেলাঃ- যশোর।
- ১১। অফিস নথি।



(অধ্যাপক ডাঃ মোঃ এহছানুল হক)

পরিচালক

ন্যাশনাল ইনস্টিটিউট অব ল্যাবরেটরি মেডিসিন এন্ড রেফারেল সেন্টার,  
শের-ই-বাংলা নগর, ঢাকা।

ও

সভাপতি, নিয়োগ কমিটি।

E-mail- [nilmrc@ld.dghs.gov.bd](mailto:nilmrc@ld.dghs.gov.bd)